

তথ্য প্রযুক্তিখাতে ৩ বিলিয়ন ডলার বিনিয়োগ চুক্তি স্বাক্ষর

নিজস্ব প্রতিবেদক | আপডেট: ১২:৩১ পিএম, ১৪ নভেম্বর ২০১৫, শনিবার

লন্ডনে ইউকে বাংলাদেশ ই-কর্মাস ফেয়ারের প্রথম দিনে চার প্রতিষ্ঠানের সঙ্গে বাংলাদেশ হাইটেক পার্ক অথোরিটির ৩ বিলিয়ন ডলার বিনিয়োগের চুক্তি স্বাক্ষর হয়েছে। যুক্তরাজ্য ও সিঙ্গাপুর ভিত্তিক মোট চারটি প্রতিষ্ঠান আগামী ৫ বছরে বাংলাদেশে তথ্য প্রযুক্তি খাতে এই বিনিয়োগের ব্যাপারে আগ্রহ প্রকাশ করে।



বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলকের উপস্থিতিতে বাংলাদেশ সরকারের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন হাইটেক পার্কের ব্যবস্থাপনা পরিচালক হোসনে আর বেগম।



অন্যদিকে বিনিয়োগকারী প্রতিষ্ঠান সিমার্কের পক্ষে প্রতিষ্ঠানের চেয়ারম্যান ইকবাল আহমেদ ওবিই, টেলিকম এশিয়ার প্রধান নির্বাহী মোহাম্মদ শাফায়েত আলম ও টেকশেডের পক্ষে চুক্তিপত্রে স্বাক্ষর করেন টেকশেড ইউকে'র ব্যবস্থাপনা পরিচালক সুশান্ত দাশ গুপ্ত।

সিঙ্গাপুর ভিত্তিক টেলিকম অ্যান্ড আইটি প্রতিষ্ঠান টেলিকম এশিয়া ই-কর্মাস ফেয়ারে প্রস্তাবিত এক বিলিয়ন ডলার বিনিয়োগের খাত হিসেবে মোবাইল পেমেন্ট গেটওয়ে, ট্রিপল প্লে, আইটি অ্যান্ড টেলিকমিউনিকেশন্স কনজিউমার প্রোডাক্ট ও বিশেষায়িত প্রযুক্তি পার্কেই বিনিয়োগের জন্য বিবেচনায় রাখছে বলে জানিয়েছেন টেলিকম এশিয়া প্রধান নির্বাহী মোহাম্মদ শাফায়েত আলম।

এফএইচ/এসকেডি/এসএম

ভারপ্রাপ্ত সম্পাদক : সুজন মাহমুদ
© ২০১৫ সর্বস্বত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম
উন্নয়নে: জাগো ডিজিটাল

হোসেন মার্কেট (৯ম তলা), চ-৭৪ প্রগতি সরণি, বাড্ডা, ঢাকা-১২১২
ফোন: ০২ ৮৮২২৬৮৯ ফ্যাক্স: ০২ ৮৮২২১৭৬
ই-মেইল: info@jagonews24.com, jagonews24@gmail.com

জাগো নিউজে প্রকাশিত/প্রচারিত সংবাদ, আলোকচিত্র, ভিডিওচিত্র, অডিও বিনা অনুমতিতে ব্যবহার করা বেআইনি